

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ)

1. কখন 2022-2023 স্কুল চয়েস ওপেন এনরোলমেন্ট শুরু হবে? **7 জানুয়ারী থেকে 4 ফেব্রুয়ারী 2022 সকাল 9:00 টা থেকে বিকাল 4:00 টা পর্যন্ত**
2. স্কুল শিক্ষাবর্ষ 2022-2023 এর জন্য ওপেন এনরোলমেন্টের সময় কোন স্কুল চয়েস প্রোগ্রাম রয়েছে?
Arabia Mountain High School সহ কেরিয়ার টেকনোলজি পাথওয়ে ও ম্যাগনেট প্রোগ্রাম, এমপ্লয়ি স্টুডেন্ট ট্রান্সফার রিকোয়েস্ট, কোরালউড/হ্যাথর্ন পার্টনারশীপ, Ronald McNair Discovery Learning Academy, হাউস বিল 251, ইমারসন ডুয়েল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম, ইন্টারন্যাশনাল ব্যাকালোরিয়েট, ম্যাগনেট, মন্টেসরি, সেনেট বিল 10, থিম এবং আর্লি লার্নিং সেন্টার।
3. আমি কি অনলাইনে আবেদন করতে পারি? হ্যাঁ, <http://www.yourchoicedekalb.org>-তে অনলাইনে আবেদন করা যাবে
4. কখন ও কোথায় 2022-2023 স্কুল চয়েস ওপেন এনরোলমেন্ট উপলভ্য?
অনলাইন: <http://www.yourchoicedekalb.org>
5. আমি কোথায় থেকে আবেদন করতে পারি? আপনার ব্যক্তিগত কম্পিউটারে (অনলাইন), স্থানীয় লাইব্রেরিতে (অনলাইন),
6. স্কুল চয়েস প্রোগ্রামের জন্য আমার কি কোনো ইমেইল ঠিকানার প্রয়োজন?
হ্যাঁ। নতুন স্কুল চয়েস প্রোগ্রাম অনলাইন অ্যাকাউন্ট তৈরি করতে ইমেইল ঠিকানা এবং পাসওয়ার্ডের প্রয়োজন।
7. স্কুল চয়েস প্রোগ্রামের জন্য আমার কি কোনো অভিভাবক অ্যাকাউন্টের প্রয়োজন?
হ্যাঁ। 2022-2023 স্কুল শিক্ষাবর্ষের আবেদন জমা দেয়ার জন্য সমস্ত অভিভাবককে স্কুল চয়েস প্রোগ্রামের জন্য একটি অ্যাকাউন্ট তৈরি করতে হবে।
8. যদি আমার সন্তান কোনো প্রাইভেট বা হোম স্কুলের শিক্ষার্থী হয় তাহলে আমি কি স্কুল চয়েস প্রোগ্রামে আবেদন করতে পারবো?
হ্যাঁ। শিশুর অভিভাবক বা আইনি অভিভাবককে অবশ্যই ওপেন এনরোলমেন্টের আগে পড়ে DeKalb County School ডিস্ট্রিক্টের বাসিন্দা হতে হবে।
9. আমি কোথায় প্রতিটি স্কুল চয়েস প্রোগ্রামের জন্য যোগ্যতা সম্পর্কে জানতে পারবো?
সমস্ত যোগ্যতার মাপকাঠি স্কুল চয়েস প্রোগ্রামের ওয়েবসাইটে পর্যালোচনা করা যাবে: <http://www.dekalbschoolsga.org/school-choice/>
10. আমি কি আবেদন ও তার সহায়ক নথি ডাকযোগে পাঠাতে পারি?
না। আবেদন ও সহায়ক নথিপত্র অনলাইনের মাধ্যমে জমা দেয়া আবশ্যিক।
11. আমি কি একাধিক স্কুল চয়েস প্রোগ্রামের জন্য আবেদন করতে পারি?
হ্যাঁ। প্রকাশিত যোগ্যতার মাপকাঠি অনুসারে আপনার শিশু যে প্রোগ্রামের জন্য যোগ্য আপনি সেটির জন্য আবেদন করতে পারেন। তবে, প্রতিটি স্কুল চয়েস প্রোগ্রামের নির্বাচন সীমা আছে।
12. স্কুল চয়েস প্রোগ্রামে শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য শিশুদের কিভাবে নির্বাচন করা হয়?
শিক্ষার্থীদের যদৃচ্ছ স্বয়ংক্রিয় লটারির নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে স্কুল চয়েস প্রোগ্রামে নির্বাচন করা হয়।
13. স্কুল চয়েস প্রোগ্রামের লটারি কখন ও কোথায় আয়োজন করা হয়?
স্কুল চয়েস প্রোগ্রামের প্রারম্ভিক লটারি 2022 সালে মার্চ মাসে অনুষ্ঠিত হবে। 25 মার্চ, 2022 বিকাল 5:00টার পর ফলাফল ইমেইল করা হবে। প্রয়োজন হলে, জুন - আগস্ট 2021 এ অতিরিক্ত লটারির আয়োজন করা হবে।
14. দেরীতে স্কুল চয়েসের আবেদন কি গ্রহণ করা হয়?
হ্যাঁ। তবে, দেরীতে জমা দিলে ভর্তি যে হওয়া যাবে তার কোনো নিশ্চয়তা নেই। যদি লটারির পর এবং অপেক্ষা তালিকার শিক্ষার্থীদের ভর্তির পর অতিরিক্ত আসন থাকে তাহলে দেরীতে আবেদনকারীদের জন্য বিবেচনা করা হতে পারে। স্কুল চয়েস অফিস দেরীতে আবেদনকারীদের অভিভাবকদের ভর্তির বিষয়ে যোগাযোগ করবে। 2016 সালের 31 শে আগস্ট বিকাল 4:00 টার পর ভর্তি নেয়া হবে না।
15. কখন অভিভাবকদের জানানো হবে?
স্কুল চয়েস অফিস প্রতিটি আবেদনকারীকে লটারির ফলাফল সম্পর্কে ইমেইল করবেন। শিক্ষার্থীর তথ্য টেলিফোন মারফত প্রদান করা হয় না। লটারির দিনে বৈকাল 5টার পর <http://www.yourchoicedekalb.org> ওয়েবসাইট খুলে আপনার শিশুর নির্বাচন স্থিতি জানতে "ড্যাশবোর্ড" নির্বাচন করুন।
16. যদি প্রোগ্রামের জন্য আমার শিশু নির্বাচিত হয় তাহলে কখন আমাকে স্কুল চয়েস প্রোগ্রামের জন্য রেজিস্টার করতে হবে?
গৃহীত বিজ্ঞপ্তিতে তালিকাভুক্ত তারিখের সময় অভিভাবককে স্কুল চয়েস প্রোগ্রামের জন্য অবশ্যই রেজিস্টার করতে হবে, না হলে আসন প্রত্যাখ্যান করা হবে এবং ওয়েটিং লিস্টের পরবর্তী যোগ্য আবেদনকারীকে প্রদান করা হবে। নির্বাচন নোটিশে রেজিস্ট্রেশনের তারিখ অন্তর্ভুক্ত থাকে।
17. স্কুল চয়েস প্রোগ্রামের জন্য পরিবহন প্রদান করা হবে?
সবথেকে সাম্প্রতিকতম DeKalb County পরিবহন নীতি স্কুল চয়েস প্রোগ্রামের জন্য অনুসরণ করা হবে। 2022- 2023 স্কুল শিক্ষাবর্ষে, Arabia Mountain High School, Champion Theme Middle School এর জন্য এবং ম্যাগনেট প্রোগ্রামের জন্য শিক্ষার্থীদেরকে নির্বাচিত স্যাটেলাইট পিকআপ স্থানের বিষয়ে জানাতে হবে। থিম প্রাথমিক স্কুলে শিক্ষার্থীদেরকে অঞ্চলের পরিবহন প্রদান করা হয়।
18. স্কুল চয়েস প্রোগ্রামের জন্য ভর্তি কখন শেষ হবে। 2022 সালের 31 আগস্ট বিকাল 4:00টায় ভর্তি শেষ হবে।
19. স্কুল চয়েস প্রোগ্রামের আরো তথ্য আমি কোথায় পাব?
আরো তথ্য এতে উপলভ্য: <http://www.dekalbschoolsga.org/school-choice/>
20. লগইন ও প্রযুক্তিগত সহায়তা সংক্রান্ত প্রশ্নাবলীর জন্য কার সাথে যোগাযোগ করবো? কল করুন: 678-676-0050
21. আবেদন সহায়তা বা প্রোগ্রামের তথ্যের জন্য আমি কার সঙ্গে যোগাযোগ করবো? ওপেন এনরোলমেন্টের সময় 678.676.0050 নম্বরে কল করে স্কুল চয়েস অফিসের সঙ্গে যোগাযোগ করুন বা এই ঠিকানায় ইমেইল করুন School_Choice@dekalbschoolsga.org

যদি এর শেষদিনটি এমন দিনে পড়ে যেখানে DCSD প্রশাসনিক অফিসগুলো বন্ধ তাহলে শেষ দিনের পরবর্তী ব্যবসায়িক দিবসকে শেষ দিন হিসেবে বিবেচনা করা হবে। ডিস্ট্রিক্টের কাছে প্রয়োজন অনুসারে সময় পরিবর্তন করার ক্ষমতা আছে। শেষ দিন মিস গেলে ব্যতিক্রম কোনো কিছু করা হবে না।